

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬০৫

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - জ্যোতিষীর গণনা

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَوْ أَمْسَكَ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَوْ أَمْسَكَ اللَّهُ الْقَطْرَ عَنْ عِبَادِهِ خَمْسَ سِنِينَ ثُمَّ أَرْسَلَهُ لَأَصْبَحَتْ طَائِفَةٌ مِنَ النَّاسِ كَافِرِينَ يَقُولُونَ: سُقِينَا بِنَوْءِ الْمِجْدَحِ . رَوَاهُ النَّسَائِيِّ

বাংলা

৪৬০৫-[১৪] আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি আল্লাহ তা'আলা তাঁর বান্দাদের জন্য পাঁচ বৎসর বৃষ্টি বন্ধ করে রাখেন এবং তারপর তা বর্ষণ করেন, তবুও মানুষের একদল এই বলে আল্লাহকে অস্বীকার করবে যে, 'মিজদাহ' নক্ষত্র কক্ষস্থানে পৌঁছার ফলেই আমাদের ওপর বৃষ্টি বর্ষিত হয়েছে। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : নাসায়ী ১৫২৬ , য'ঈফাহ্ ১৭২১, য'ঈফ আল জামি'উস্ সগীর ৪৭৯৮, 'নাসায়ী'র কুবরা ১৮৩৬, দারিমী ২/৩১৪, ইবনু হিব্বান ৬০৬।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "আত্তাব ইবনু হুনায়ন" নামের বর্ণনাকারী রয়েছে। য'ঈফাহ্ ১৭২১৯।

ব্যাখ্যা

व्याच्याः (لَوْ أَمْسَكَ اللهُ الْقَطْر) वर्था९ यिन वाल्लार वृष्टि तक्ष करत तार्थन।

(عَنْ عِبَادِه خَمْسَ سِنِينَ) 'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ এর দ্বারা সীমা বোঝানো হয়নি, বরং সময়ের দীর্ঘতা বুঝানো হয়েছে। কারণ এর মধ্যে দূরত্ব রয়েছে। এর কারণ হলো পাঁচ সংখ্যাটি বেশির ক্ষেত্রে স্বীকৃত নয়।

(لَأُصْبَحَتُ طَائِفَةٌ مِنَ النَّاسِ كَافِرِينَ) जाता रुला (ज्ञािविर्वेम धवः याता जारमत्रक विश्वामकाती।



(بِنَوْءِ الْمِجْدَح) 'আল্লামা ত্বীবী (রহিমাহ্লাহ) বলেনঃ এটি এক প্রকার নক্ষত্রের নাম। এটাও বলা হয় যে, তা হলো তিনটি নক্ষত্র তেপায়ার মতো যা মিজদাহের সাথে সাদৃশ্য রাখে, যার তিনটি অগ্নি ক্ফুলিঙ্গ আছে। এটি 'আরবদের নিকটে বৃষ্টি আসার একটি লক্ষণ হিসেবে পরিচিত ছিল। এর অর্থ এরূপ তাদেরকে বলা হত যে, এ নক্ষত্রটি এই পাঁচ বছর যাবৎ কোথায় ছিল? এটি কি প্রতি বছর উদিত হয়, না হয় না? প্রতি বছর কী তার প্রভাব আছে, না কোন কোন বছর প্রভাব আছে? এ কথার দ্বারা নিশ্চিতভাবে তাদের বাতিল কথার প্রমাণ পাওয়া যায়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন